

কৃষি অনুঘদ খোলার দাবীতে অনশন শুরু

(নিম্নস্থ বার্তা পরিবেশক)

ঢাকা বিশ্ববিদ্যালয়ে কৃষি অনুঘদ চালু করার দাবীতে বিশ্ববিদ্যালয়ের ১০ জন ছাত্র-ছাত্রী 'আমরণ অনশন' কর্মসূচী শুরু করেছে। বৃহস্পতিবার দিনগত রাত ১২টা ১ মিনিটে কার্জন হলের মোড়ে তাদের অনশন কর্মসূচী শুরু হয়েছে। তাদের পরিচয়: মৃত্তিকা বিজ্ঞান বিভাগের দ্বিতীয় বর্ষের ছাত্র মোঃ আখতার হোসেন খান, এই বিভাগের প্রথম বর্ষের ছাত্র মোঃ শামসুল আলম তুইয়া সুজ্জামান আরজুল রাসেল, এটি এম মশিহুর রহমান, ফারুক হোসেন ও কিশোর কুমার দাশ, মৃত্তিকা বিজ্ঞান বিভাগের

(শেষ পৃ: ১-এর ক: দ্র:)

তৃতীয় বর্ষের ছাত্র এম এ মালেক, প্রাণীবিদ্যা বিভাগের ছাত্র সংসদের সাধারণ সম্পাদক এনামুল হক বেলাল, এই বিভাগের, তৃতীয় বর্ষের (পুরাতন) ছাত্রী সেকালী বেগম এবং উদ্ভিদ বিজ্ঞান বিভাগের তৃতীয় বর্ষ (নতুন) সম্মানের ছাত্র মঈনুল হাসান।

কৃষি অনুঘদ বাস্তবায়ন কর্মসূচীর পক্ষে একজন ছাত্র এই বার্তা পরিবেশককে বলেছেন, দলমত নিবিধে বিশ্ববিদ্যালয়ের ছাত্র-ছাত্রীরা ঢাকা বিশ্ববিদ্যালয়ে কৃষি অনুঘদ চালুর সংগ্রাম চালিয়ে যাচ্ছে। তারা এই দাবী আদায়ে দৃঢ়প্রতিজ্ঞ।

প্রয়োজনে বিশ্ববিদ্যালয়ের আরো বহু সংখ্যক ছাত্র-ছাত্রী আমরণ অনশন কর্মসূচী শুরু করবে। সন্ধ্যায় ছাত্র-ছাত্রীদের একটি বিরাট মিছিল কৃষি অনুঘদ চালুর দাবী সম্বলিত বিভিন্ন শ্লোগান দিয়ে ঢাকা বিশ্ববিদ্যালয় এলাকা প্রদক্ষিণ করেছে।